২৩/৯/২০০৩

ভোরের কাগজ

তারিখ ........ পৃষ্ঠা ১২ কলাম ৩

# মধ্যরাতে ঢা.বির ৩ হলে পুলিশের নিষ্ফল অভিযান

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে পুলিশ আবার নিষ্ফল অস্ত্র উদ্ধার অভিযান চালিয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে গত বৃহস্পতিবার গভীর রাতে বিশ্ববিদ্যালয়ের তিনটি হলে এ তল্লাশি চালায় বলে পুলিশ সূত্র জানায়।

হল সূত্রে জানা যায়, পুলিশ বৃহস্পতিবার রাত ২টার দিকে বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক, মুহসীন এবং সূর্যসেন হল ঘিরে ফেলে। তিনটি হলের সন্দেহজনক রুমগুলোতে পুলিশ ব্যাপক তল্লাশি চালালেও কোনো অস্ত্র উদ্ধার বা বহিরাগত গ্রেপ্তার হয়নি।

মুহসীন হলের একটি সূত্র জানায়, হল গেটে পুলিশ বাহিনীর সদস্যরা পৌঁছার পর হলে অবস্থানরত ক্যাডাররা তাদেরকে ঢুকতে দেয়নি। প্রায় এক ঘণ্টা পর পুলিশ হলে ঢুকতে পারে। ততোক্ষণে হলে থাকা অবৈধ অস্ত্রগুলো সরিয়ে ফেলা হয় বলে সূত্র উল্লেখ করে।